

২০২৫ বাংলা

(মাইনর)

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোড : BENG-MI-302

(আধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস)

[NEP-2020]

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) 'গৌড়ীয় ব্যাকরণ' গ্রন্থটি কার রচনা? এটি কত খৃষ্টাব্দে প্রথম প্রকাশিত হয়?

খ) বাংলা ভাষায় রচিত একমাত্র মহাকাব্যটির নাম কি? এর কাহিনি কোথা থেকে নেওয়া হয়েছে?

গ) 'বঙ্গদর্শন' পত্রিকাটি কার সম্পাদনায় কত খৃষ্টাব্দে প্রথম প্রকাশিত হয়?

ঘ) গিরিশচন্দ্র ঘোষ রচিত দুটি পৌরাণিক নাটকের নাম লেখো।

ঙ) 'ঘরে বাইরে' উপন্যাসের প্রকরণের দুটি প্রধান বৈশিষ্ট্য লেখো।

চ) মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রথম গল্পগ্রন্থ কোনটি? এটি কত খৃষ্টাব্দে প্রথম প্রকাশিত হয়?

[পরের পাতায়]

ছ) 'ঝরা পালক' কাব্যটি কার রচনা? তিনি কোন দশকের কবি?

জ) দ্বিজেন্দ্রলাল রায় রচিত দুটি সামাজিক নাটকের নাম লেখো।

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

ক) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান ব্যাখ্যা করো।

খ) বাংলা কাব্যে কাজী নজরুল ইসলামের বিদ্রোহী সত্তার পরিচয় দাও।

গ) পরশুরামের ছোটগল্পে হাস্যরসের প্রকৃতি সম্পর্কে আলোচনা করো।

ঘ) প্রহসন জাতীয় নাটক রচনায় দীনবন্ধু মিত্রের কৃতিত্ব বিচার করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

ক) বাংলা চলিতভাষার বিবর্তনে 'সবুজপত্র' পত্রিকার ভূমিকা বিশ্লেষণ করো।

খ) বাংলা কাব্যসাহিত্যে মাইকেল মধুসূদন দত্তের অভিনবত্বগুলি সংক্ষেপে লেখো।

গ) ত্রয়ী বন্দ্যোপাধ্যায়ের যে কোনো দু'জনের রচনাবৈশিষ্ট্যের সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

ঘ) বাংলা গদ্যের বিকাশে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ভূমিকা বিচার করো।